দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# শিক্ষা প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠনের বিধান বাতিলে রিট

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠনের বিধান বাতিলের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। গতকাল রবিবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই রিট করা হয়। রিটে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ এবং উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির নির্বচান এক মাসের মধ্যে সম্পন্নের নির্দেশনা চাওয়া হয়েছে।

রিটে বলা হয়, সাধারণত এডহক কমিটি করা হয় শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচন অনুষ্ঠানের জন্য। কিন্তু ওই কমিটি নির্বাচন না করে কালক্ষেপণ করে।

পরে কমিটির মেয়াদ বৃদ্ধি করা হয়। যেহেতু এই এডহক কমিটি অনির্বাচিত। তাই এই এডহক কমিটি গঠনের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধ্যাদেশের ৩৯ ধারা অবিলম্বে বাতিল করা দরকার। আইনজীবী ইউনুস আলী আকন্দ এই রিট করেন।